গাংনী মহিলা ভাইস চেয়ারম্যানের বাড়িতে প্রতিমন্ত্রী পত্মী সৈয়দা মোনালিসা ইসলাম

মেহেরপুরের গাংনী উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক ও মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিনের বাড়িতে গিয়ে শোকাহত পরিবারকে শান্তনা দেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন পত্নী ও বাংলাদেশ আওয়ামী যুব মহিলা লীগের কেন্দ্রীয় সদস্য সৈয়দা মোনালিসা ইসলাম।

গতকাল শুক্রবার বিকেলে সংক্ষিপ্ত সময় নিয়ে তিনি শোকাহত পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে মহিলা যুবলীগের পক্ষে থেকে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন।

এসময় উপস্থিত ছিলেন, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ওবাইদুর রহমান, ওসি তদন্ত সাজেদুল ইসলাম, জেলা আওয়ামী যুব মহিলালীগের সভানেত্রী সামিউন বশিরা পলি, সাধারণ সম্পাদক রুত শোভা মন্ডল, সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা মহিলা যুবলীগের সভানেত্রী লতিফননেছা লতা, মুজিবনগর উপজেলা মহিলা যুবলীগের সভানেত্রী তকলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল, গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আসিফ, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, পৌর ছাত্রলীগের সভাপতি ইমরান হাবিব, জেলা ছাত্রলীগের দপ্তর সম্পাদক ইব্রাহিমসহ আওয়ামীলীগের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মি উপস্থিত ছিলেন।

মেপ্র/ইএম

গাংনীতে যুবলীগ নেতা শাহাবুদ্দিনের মাগফিরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত

সদ্য প্রয়াত উপজেলা যুবলীগ নেতা ও গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীনের স্বামী মোঃ শাহাবুদ্দিন আহম্মেদ এর মাগফিরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার জুম্মা’র নামাজ শেষে মহিলা ভাইস চেয়ারম্যানের বাসভবনে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিল পরিচালনা করেন গাংনী দারুস সালাম জামে মসজিদের ইমাম মোঃ রুহুল আমীন।

দোয়া মাহফিল শুরুর আগে প্রয়াত শাহাবুদ্দিনের স্মরণে আলোচনায় প্রধান অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী পৌরসভার চেয়ারম্যান আশরাফুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ গোলাম মোস্তফা, জেলা পরিষদের সদস্য মজিরুল ইসলাম, জেলা জাতীয় পর্টির সাধারণ সম্পাদক আঃ হালিম সহ স্থানীয় নেতৃবৃন্দ।

মেপ্র/ইএম

মেহেরপুরে ষাটোর্ধ্ব মানুষের মিলন মেলা

মেহেরপুরের মুজিবনগর আম্রকাননে শুক্রবার দুই শতাধিক ষাটোর্ধ্ব বন্ধুদের মিলন মেলা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল থেকে ষাটোর্ধ্ব মানুষ মুজিবনগর আম্রকাননে জমায়েত হয়।

মিলন মেলায় আরেফিন বকুলের সভাপতিত্বে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, তাহেরুল ইসলাম, শামীম হোসেন, বড় কালু, শংকর বিশ্বাস ও আতিয়ার রহমান ।

মিলন মেলার উদ্যোক্তা ফখরুল হোসেন জানান, মেহেরপুর জেলার দু‘শতাধিক ষাটোর্ধ্ব মানুষ এবারের মিলন মেলায় অংশগ্রহণ করেছে। বৃদ্ধদের সমস্যা চিহ্নিত করে তাদের জন্য বিনোদন পার্ক স্থাপন, আশ্রম তৈরি পরিকল্পনা নেয়া হয়েছে।

শারীরিক প্রতিবন্ধী জালাল উদ্দীন জানান, সমবয়সীদের সঙ্গে বছরে একদিন মিলিত হতে পেরে ভালো লাগছে। তিনি আরও জানান, মেলার আর্থিক ব্যয়ভার মেটাতে সামর্থ্য অনুযায়ী সহযোগিতা করে সমবয়সী সামর্থবান বন্ধুরা।

১৯৮৮ সালে ১৯৭৭ ও ১৯৭৮ সালের এসএসসি বন্ধুরা মিলে প্রথম বন্ধ’ পুনর্মিলনের আযোজন করা হয়। সেই থেকে শ্রমিক, সরকারি কর্মকর্তা কর্মচারি, পেশাজীবী ব্যবসায়ী, সাংবাদিক, জন প্রতিনিধি বন্ধুরা প্রতিবছর ফেব্রয়ারি মাসের ২য় শুক্রবার মিলিত হয়ে আসছে ।

মেপ্র/ইএম

দশ লক্ষ টাকার ফুল বিক্রির টার্গেট

সৌন্দর্য ও বিশুদ্ধতার প্রতীক ফুলের চাহিদা কোন কালেই কম ছিল না। ফুলের প্রতি মানুষের ভলোবাসা চিরন্তর। যে কোন উৎসব বা দিবসকে কেন্দ্র করে ফুলের চাহিদা থাকে ব্যাপক।

এবার ভালোবাসা দিবসে মেহেরপুরে ফুলের চাহিদা বেশ চোখে পড়ার মত। সেই চাহিদা আরেকটু বাড়িয়ে দিয়েছে বসন্ত উৎসব। ভালোবাসা দিবস ও বসন্ত বরণ একই দিনে হওয়ায় উৎসবের আমেজটা একটু বেশি।

এবছর মেহেরপুরে প্রায় ৫ লক্ষাধিক টাকার ফুল বিক্রির আশা করছে ব্যবসায়ীরা। তবে ছুটির দিন থাকায় একটু হতাশাও প্রকাশ করেছে তারা।

ভালোবাসা দিবস ও বসন্ত বরণকে কেন্দ্র করে জেলায় গড়ে উঠেছে স্থায়ী অস্থায়ী প্রায় অর্ধশত ফুলের দোকান।

গোলাপ, রজনীগন্ধা, গাঁদা, গ্লাডিওলাস, মল্লিকা, জারবেরা ইত্যাদি নানা রকম ফুলের সমাহার এইসব দোকান গুলোতে।

স্বার্নালী ফুল ঘরের মালিক রাশেদুজ্জামান বলেন, এবার ভালোবাসা দিবস ও বসন্ত বরণ উৎসব একই দিনে হওয়ায় ব্যাপক ফুলের জোগান দিয়েছি। আশা করছি লক্ষাধিক টাকার ফুল বিক্রি হতে পারে। এবছর ফুলের দাম একটু বেশি। শুক্রবার ছুটির দিন হওয়ায় একটু একটু ভয়ে ভয়ে আছি, দেখা যায় শেষ পর্যন্ত কি হয়।

টুটুল ফুল ঘরের মালিক বলেন, গত বছর প্রায় একলক্ষ টাকার ফুল বিক্রি করেছিলাম এ বছর হয়তো হবে না। স্কুল-কলেজের ছেলে মেয়েরাই বেশি ফুল কেনে। শুক্রবার ছুটির দিনে এইসব প্রতিষ্ঠান বন্ধ থাকবে, তাই এবছর ফুল হয়তো বেশি বিক্রি হবে না।

মুজিবনগর থেকে শাকিল রেজা জানান, ভালোবাসা দিবস ও বসন্তবরণ উৎসবকে কেন্দ্র করে ভিন্নরুপে সেজেছে মুজিবনগর। সেই সাথে গড়ে উঠেছে বেশ কয়েকটি ফুলের দোকান। বাহারি সব ফুলে সজ্জিত এইসব দোকান গুলো। মেহেরপুরের সব চেয়ে বড় ও ঐতিহাসিক পর্যটন কেন্দ্র হওয়ায় এখানে লোকের সমাগম হবে প্রচুর। সেই লক্ষে শুধু মুজিবনগরেই ২ লক্ষ টাকার ফুল বিক্রি হওয়ার টার্গেট করছে ব্যবসায়ীরা।

গাংনী থেকে শাহিন সিদ্দীকি জানান, গাংনীতে ভালোবাসা দিবস ও বসন্ত উৎসব কে কেন্দ্র করে বেশ উৎসবের আমেজ লক্ষ্য করা যাচ্ছে। অপেক্ষাকৃত তরুন-তরুনীদের মাঝে আমেজটা বেশি। প্রিয় মানুষটাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানানোর জন্য প্রস্তুত হয়ে আছে তারা। সেই লক্ষে ফুল বিক্রেতারাও বাহারি সব ফুলের সমাহার ঘটিয়েছে দোকানিরা। রাস্তার পাশে অস্থায়ীভাবে গড়ে উঠেছে বেশ কয়েকটি ফুলের দোকান।

মেপ্র/আরপি

কেন্দ্রীয় নেতাদের মেহেরপুর আগমনে ছাত্রদল নেতা নাঈম ইসলামের শুভেচ্ছা ও অভিনন্দন

কেন্দ্রীয় ছাত্রদলের নেতাদের মেহেরপুর জেলায় আগমনে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছে মো: নাঈম ইসলাম।

ভারপ্রাপ্ত চেয়ারম্যান- তারেক রহমানের নির্দেশে, খুলনা বিভাগের ছাত্রদলের সাংগঠনিক টিমের দায়িত্ব পেয়েছে কেন্দ্রীয় ছাত্রদলের সহ সভাপতি মো: মিজানুর রহমান সজীব, যুগ্ম সম্পাদক মো: মাহাবুব মিয়া, সহ সাধারণ সম্পাদক সুলতানা জেসমিন জুঁই, সহ সাংগঠনিক সম্পাদক মো: হেলাল আহম্মেদ সুমন।
দায়িত্বপ্রাপ্ত সকল ছাত্রদলের নেতাদের সংগ্রামী শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছে মো: নাঈম ইসলাম।

তিনি আশা করেন মেহেরপুর জেলা ছাত্রদলকে এক আশার আলোর পথ দেখাবেন এবং সাংগঠনিক দিক নির্দেশনা দেবেন এবং যাদের ছাত্রত্ব আছে এবং কেন্দ্রীয় নিয়ম অনুযায়ী অবিবাহিত ছেলেরা ছাত্রদল করতে পারবে।

সেই সাথে সকল দিক নির্দেশনার মাধ্যমে মেহেরপুর জেলা ছাত্রদল যেন বেগম খালেদা জিয়ার মুক্তির আন্দোলন গড়ে তুলতে পারে এই আশা গুলো ব্যক্ত করেন কেন্দ্রীয় ছাত্রদলের নেতাদের কাছে।

মেপ্র/আরপি

গাংনীতে নিষিদ্ধ ঘোষিত সংগঠন আল্লাহর দলের সদস্য আটক

মেহেরপুরের গাংনীতে নিষিদ্ধ ঘোষিত সংগঠন আল্লাহর দলের সদস্য রাসেল আহমেদকে (৩০) আটক করেছে র্যাব।

বৃহস্পতিবার ভোররাতে র্যাব-৬ (সিপিসি) ঝিনাইদহ ক্যাম্পের সদস্যরা গোপন সংবাদের ভিত্তিতে গাড়াডোব গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করে।

আটককৃত রাসেল গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের গাঁড়াডোব গ্রামের মৃত আবুল কালাম আজাদের ছেলে।

ঝিনাইদহ র্যাব সূত্র জানায়, আটককৃত রাসেল আহমেদ নিষিদ্ধ ঘোষিত সংগঠন আল্লাহর দলের সদস্য। তার বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় একটি মামলা করা হয়েছে। মামলা নং-৫৯। পরে তাকে চুয়াডাঙ্গা আদালতে সোপর্দ করা হয়।

মেপ্র/আরপি

মেহেরপুরে পোনে চার লাখ বিড়ি জব্দ, এক হাজার টাকা জরিমানা

মেহেরপুর সার্কিট হাউজ সড়কের ডায়াবেটিস হাসপাতালের সামনে অভিযান চালিয়ে তিন লাখ ৭৫ হাজার পিস বনানি বিড়ি জব্দ করেছে ভ্রাম্যমাণ আদালত। একই সঙ্গে বনানী বিড়ি মেহেরপুরের ব্যবস্থাপক মাসুদুর রহমানের নিকট এক হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরের নির্বাহী ম্যাজিষ্ট্রেট রাকিবুল ইসলাম এ অভিযান পরিচালনা করেন। এসময় উপজেলা স্বাস্থ্য বিভাগের পরিদর্শক তরিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

তরিকুল ইসলাম জানান, বিড়ি গুলোতে পুরাতন স্বাস্থ্য সতর্কতা সম্বলিত স্টিকার থাকায় ওই বিড়ি গুলো জব্দ করা হয়। ধুমপান ও তামাকজাত দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০০৫ এর আওতায় বিড়ি গুলো জব্দ ও জরিমানা করা হয়।

মেপ্র/ইএম

গাংনীতে ৩শ’ বোতল ফেন্সিডিলসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার চেংগাড়া বাসষন্ট্যান্ড থেকে ৩শ, বোতল ফেন্সিডিলসহ দু’মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব-১২।

বুধবার দিবাগত রাত ২টা ৪৫ মিনিটে উপজেলার চেংগাড়া বাসষ্ট্যান্ডের যাত্রী ছাউনির সামনে থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো মেহেরপুর সদর উপজেলার রুদ্রনগর গ্রামের হযরত আলির ছেলে মোঃ জাহিদ(২৭) হাসান ও চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কানাইডাঙ্গা গ্রামের ফকির মল্লিকের ছেলে আনোয়ার হোসেন(৩১)। আটককৃতদের নামে মাদকদ্রব্য আইনে গাংনী থানায় মামলা হয়েছে।

মামলা সুত্রে প্রকাশ, পাবনা র্যাব ক্যাম্পের বিশেষ অভিযানে র্যাবের কর্মকর্তা সামিউল হক শিপনের নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে তাদের চেংগাড়া বাসষ্ট্যান্ডের যাত্রী ছাউনি থেকে ৩শ’ বোতল ফেন্সিডিলসহ আটক করা হয়। পরে তাদের গাংনী থানায় সোপর্দ করা হয়।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান বলেন আটক মাদক ব্যবসায়ীদের নামে মাদক দ্রব্য আইনে মামলা দায়ের পূর্বক মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেপ্র/ইএম

গাংনীতে বিষ প্রয়োগে ছাগল

হত্যার অভিযোগ॥

মেহেরপুরের গাংনী উপজেলার ইকুড়িয়া গ্রামে বিষ প্রয়োগ করে ছাগল হত্যা করার অভিযোগ উঠেছে।

বৃহস্পতিবার দুপুরে ইকুড়িয়া গ্রামে জবের ক্ষেতে গমের চালটির ভিতর বিষ মিশিয়ে ছাগল হত্যা করা হয় বলে জানান ছাগল মালিক মোছা: লিপিয়ারা খাতুন। এতে তার একটি ছাগল গাংনী পশু সম্পদ কার্যালয়ে নিয়ে আসার আগেই মারা যায় অন্য অন্তঃসত্বা ছাগলটিকে ছিকিৎসা দেওয়া হয়েছে।

কর্তব্যরত ডাক্তার জানান, অসুস্থ্য ছাগলটি যেহেতু অন্তঃসত্বা তাই সেটাকে বাঁচাতে হলে গর্ভপাত করাতে হবে।

ভুক্তোভোগি লিপিয়ারা খাতুন ঐ গ্রামের কৃষক দিনমজুর মোঃ সেলিমের স্ত্রী।

তিনি জানান,একই গ্রামের খেড়ুর ছেলে জব্বার পরিকল্পিতভাবে গমের চালটির সাথে বিষ মিশিয়ে তার লিজ নেওয়া জবের ক্ষেতে বিভিন্ন জায়গায় রেখে দেয় যাতে ছাগল গরু ঐ বিষ খায়। দু’তিন দিন আগেও সে ঐ ক্ষেতে বিষ প্রয়োগ করে তাতে বেশ কয়েকটি ছাগল অসুস্থ্য হয়ে পড়ে। এ বিষয়ে তাকে সতর্ক করা হলেও সে কর্নপাত না করে আবারও বিষ দিয়ে ছাগল হত্যা করেছে।

এদিকে জব্বারের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলে তাকে পাওয়া যায়নি।

এ বিষয়ে ভুক্তোভোগি লিপিয়ারা খাতুন গাংনী থানায় অভিযোগ করবেন বলে জানান

মেহেরপুর শিশু পরিবারে বিভিন্ন

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]